উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৫.০০১.২২- ৬৭২

তারিখ ঃ ৩০/০৫/২০২২ খ্রিঃ

সভার নোটিশ

আগামী ৩১ শে মে ২০২২ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার, সকাল ১২.০০ ঘটিকায় উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা উপজেলা পরিষদের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আবদুল মতিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ। উপজেলা পরিষদের সকল সদস্য ও উপজেলার সরকারি বিভাগীয় প্রধানগণকে নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, স্ব-স্ব বিভাগের সভার কার্যবিবরণী জনাব নাঈমা হক, সি.এ উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ এর নিকট জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচী ঃ

(ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

(খ) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।

(গ) বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা।

(ঘ) বিবিধ।

(মোঃ আক্তারুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

১। উপজেলা ............................................অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, ...............................ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১. আলহাজ্ব হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৫. মেয়র, ত্রিশাল পৌরসভা।
৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

উপজেলা পরিষদ কার্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।
ত্রিশাল উপজেলা পরিষদ এর মে/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আবদুল মতিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ৩১/০৫/২০২২ খ্রি.
সময় : বেলা ১১:৩০ ঘটিকা।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। তিনি সভায় আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আক্তারুজ্জামান সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে গত ২১/০৪/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

অত:পর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁদের বিভাগীয় কার্যাবলী এবং অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় এবং আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | এল.জি.ই.ডি :<br>উপজেলা প্রকৌশলী সভায় সকলকে স্বাগত জানিয়ে অবহিত করেন যে, এলজিইডি বিভাগের আওতাধীন অত্র উজেলার সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। এছাড়া তিনি আরোও জানান যে, ২০২১-২২ অর্থ বছরে এডিপি কর্তৃক বরাদ্দপ্রাপ্ত অর্থের বিপরীতে টেন্ডার (২য়) আহ্বান পূর্বক লটারি সম্পন্ন হয়। শ্রীঘ্রই কাজ আরম্ভ হবে। এ ব্যাপারে তিনি সকলের সহযোগীতা কামনা করেন। | উপজেলা প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০২ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা প্রশাসনিক কাজে কর্মস্থলের বাইরে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ০৩ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় জানান যে, মানব সম্পদ উন্নয়নে গ্রামীন পানি সরবরাহ স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি শীর্ষক প্রকল্পের আওতায় কমিউনিটি ভিত্তিক পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ করার জন্য ৩৮ টি পানির উৎসের বরাদ্দ পাওয়া গেছে। যা ইউনিয়ন পর্যায়ে বাস্তবায়ন করতে হবে। ৩০-৪০ টি বাড়িতে পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ করা সম্ভব এমন স্থান নির্বাচন করতে হবে।<br>এছাড়া সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় ত্রিশাল উপজেলায় ১৮ টি কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিটের বরাদ্দ পাওয়া গেছে। ঘনবসতি পূর্ণ এলাকায় কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট স্থাপন করতে হবে। কমপক্ষে ৮ থেকে ১০ টি পরিবারে সংযোগ প্রদান করতে হবে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | <u>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ :</u><br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, সকল অনিবন্ধিত হাসপাতাল/ক্লিনিক এবং ডায়গনস্টিক সেন্টারের বিরুদ্ধে ব্যাবস্থা নেওয়ার প্রেক্ষিতে ৩০ মে পর্যন্ত ত্রিশালে মোট ০৬ টি প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যাবস্থা নেওয়া হয়েছে। এই অভিযান নিয়মিত চলবে। আজ ৩১/০৫/২০২২ ইং তারিখে ত্রিশালের বালিপাড়া ইউনিয়নে অভিযান অব্যাহত রয়েছে। | উপজেলা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৫ | <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :</u><br>উপজেলা উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা কার্যালয় থেকে এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র হতে নিয়মিত মা, শিশুস্বাস্থ্য বিষয়ক সেবা প্রদান করা হচ্ছে। প্রত্যন্ত অঞ্চলসমূহে স্যাটেলাইট ক্লিনিক সংগঠনের মাধ্যমে গর্ভবতী ও প্রসূতি মায়েদের সেবা প্রদান করা হচ্ছে।গর্ভবর্তী মহিলাদের ০৪ টি এ এন,সি ও ০৪টি পি,এন,সি সেবা দেওয়ার মাধ্যমে মাতৃমৃত্যু হার রোধ করার প্রচেষ্টা অব্যাহত আছে । বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ০৬ | <u>উপজেলা কৃষি বিভাগ :</u><br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বোরো মৌসুমে ১৯৯৫০ হেঃ জমিতে বোরো ধানের চাষ করা হয়। উপজেলায় মোট ৮৪,০৯৪ মেঃটন চাল উৎপাদিত হয়েছে যা লক্ষমাত্রার চেয়ে ৩ হাজার মেঃটন বেশী। আউশ ধান চাষ চলমান রয়েছে। উপজেলার সার পরিস্থিতি স্বাভাবিক এবং সার্বিক কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা কৃষি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ০৭ | <u>উপজেলা মৎস্য বিভাগ :</u><br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২১ অর্থ বছরে এডিপি টার্গেট পূরণের নিমিত্বে এ পর্যন্ত ৫৫ টি মৎস্য খাদ্য বিক্রেতার দোকানের লাইসেন্স নবায়ন/নতুন করা হয়েছে। ধলা বিভিন্ন হ্যাচারীতে ছোট মাছ ব্রিড করে পোনা উৎপাদন করে এবং পিরানহা এবং আফ্রিকান মাগুর এর পোনা উৎপাদন করে থাকে। হ্যাচারী মালিকগনকে এগুলো প্রজনন থেকে বিরত থাকার জন্য পত্র দেওয়া হয়েছে। হ্যাচারীতে অভিযান পরিচালনা করার জন্য সভাপতির মাধ্যমে ইউএনও মহোদয়কে অনুরোধ জানানো হয়। | আলোচনান্তে অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্ট হ্যাচারীতে অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ০৮ | <u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :</u><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, জনাব হাফেজ মোঃ রুহুল আমীন মাদানী, মাননীয় সংসদ সদস্য ১৫২ ময়মনসিংহ-৭ (ত্রিশাল) ও সভাপতি, স্থায়ী কমিটি, ধর্ম বিষয়ক মন্ত্রনালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মহোদয় ত্রিশাল উপজেলার মোক্ষপুর ইউনিয়নে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী উপজাতিদের মাঝে সমতল ভূমিতে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ০৮ টি পরিবারকে ০২ টি করে ভেড়া ও ভেড়ার ঘর তৈরির উপকরণ এবং আধুনিক প্রযুক্তিতে গরু হৃষ্টপুষ্টকরণ প্রকল্পের প্রশিক্ষনপ্রাপ্ত ৭৫ জন খামারীদের মাঝে ভিটামিন বিতরণ করেন। উপজেলা প্রাণিসম্পদ অফিস ও ভেটেরিনারি হাসপাতাল, ত্রিশাল, ময়মনসিংহ এর উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কে সাধারণ সেবা গ্রহীতারা যেন মহান ব্যক্তি সম্পর্কে জানতে পারে তাই বঙ্গবন্ধু গ্যালারী উদ্বোধন করা হয় | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |

| | | | |
|---|---|---|---|
| ০৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, আমাদের বিভাগীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক শিক্ষা বিভাগের দাপ্তরিক অন্যান্য কাজসমূহ সুষ্ঠভাবে চলছে। | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে,অত্র কার্যালয়ের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেনী কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। তাছাড়া অফিসিয়াল অনান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর এর মে মাসের ভিজিডি কার্যক্রমে রামপুর, বৈলর ও ধানীখেলা ইউনিয়ন চাল উত্তলন করে নাই এবং এর কোন প্রতিবেদনও পাওয়া যায় নাই। প্রতিবেদন না পাওয়া গেলে পরবর্তী মাসের চালের ছাড় দিতে সমস্যা হয়। | আলোচনান্তে নির্ধারিত তারিখে অবশ্যই বিনা ব্যার্থতায় সংশ্লিষ্ট শাখায় প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ১২ | উপজেলা সমাজসেবা বিভাগ ঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার জানান যে,অত্র কার্যলিযের সকল কার্যক্রম যথারীতি চলছে। কোন সমস্যা নাই। | উপজেলা সমাজসেবা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ<br>উপজেলা সমবায় অফিসার জানান যে,সার্বিক গ্রাম উন্নয়ন ৩য় পর্যায় কর্মসূচীর আওতায় আইজিএ প্রশিক্ষনের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে বলে জানান। | উপজেলা সমবায় বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ১৪ | উপজেলা বন বিভাগ :<br>উপজেলা বন কর্মকর্তা সভায় সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ :<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে,অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। ঋণ বিতরণ, ঋণ আদায় ও প্রশিক্ষন কার্যক্রম চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর কার্যক্রম উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে স্বাভাবিকভাবে চলিতেছে। ঋণ আদায় ও ঋণ বিতরণ চলমান আছে। বাজেট বরাদ্দ অনুসারে প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে ০২ টি, সদস্য সংখ্যা ৮০ জন। "দারিদ্র বিমোচনের লক্ষে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী" এর কাকচর অপ্রধান শস্য দল এ ২৩ (তেইশ) জন্য সদস্যের মাঝে ঋণ প্রদান করা হয় ৪,০৫,০০০/- (চার লক্ষ পাঁচ হাজার) টাকা। সাখুয় ও রামপুর ইউনিয়নে অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প (পিআরডিপি) -৩ এর ০৬ টি স্কীমের কাজ সমাপ্ত পর্যায়ে। আবর্তক ঋণ আদায় চলমান আছে। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |

| | | | |
|---|---|---|---|
| ১৭ | **জাইকা :**<br>সভাপতি মহোদয়ের অনুমতি ক্রমে প্রকল্প বাছাই কমিটির সদস্য সচিবগণ সভাকে অবহিত করেন যে, ২০২০-২১ অর্থ-বছরে ইউজিডিপি প্রকল্পের অনুমোদিত ছয়টি সক্ষমতা উন্নয়ন উপ প্রকল্প বাস্তবায়ন যথাসময় সম্পন্ন হয়েছে এবং পৃথক পৃথক ছয়টি প্রকল্প বাস্তবায়ন কমিটির দাখিলকৃত প্রকৃত খরচ বাবদ ভ্যাট আইটি ব্যতীত সর্বমোট ১০,০,০০০০/- (দশ লক্ষ ) টাকা ব্যয় হয়েছে। নিম্নলিখিত ০৬ (ছয়) টি উপ প্রকল্পের প্রকৃত খরচ ও সে সংক্রান্ত নথিপত্রাদি পিআইসি সভাপতিগণ কর্তৃক অনুমোদনের জন্য অদ্যকার সভায় উপস্থাপন করা হয়েছে।<br>১. ত্রিশাল উপজেলার বেকার যুবক / যুবতীদের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ।<br>২. ত্রিশাল উপজেলার স্বাস্থ্যকর্মী ও স্বেচ্ছাসেবকদের কোভিড-১৯ বিষয়ক স্বাস্থ্য সচেতনতা সংক্রান্ত কর্মশালা।<br>৩. বাল্যবিবাহ, যৌতুক ও নারী নির্যাতন রোধে ইমাম, কাজী ও ইউপি চেয়ারম্যানদের বাল্যবিবাহ রোধ আইন, অভিবাবক কাউন্সিলিং ও অন্যান্য কর্ম পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ।<br>৪.শিক্ষার মান উন্নয়নে শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পরিষদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে মাধ্যমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা পরিষদের সভাপতি ও প্রধান শিক্ষকদের প্রশিক্ষণ।<br>৫. দরিদ্র চাষী ও বেকার যুবকদের বানিজ্যিক ভাবে লেবু জাতীয় ফসল উৎপাদনের কলা কৌশল বিষয়ক প্রশিক্ষণ ।<br>৬. আধুনিক পদ্ধতিতে কৈ, শিং ও মাগুর চাষ বিষয়ক প্রশিক্ষণ । | প্রস্তাবমতে, ইউজিডিপি প্রকল্পের ২০২০-২১ অর্থ-বছরের (৫ম রাউন্ডের) বাস্তবায়িত ছয়টি সক্ষমতা উন্নয়ন উপ প্রকল্পের চূড়ান্ত বিল বাবদ ভ্যাট আইটি ব্যতীত সর্বমোট ১০,০০,০০০/- (দশ লক্ষ ) টাকা অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতি ক্রমে গৃহিত হলো। | উপজেলা নির্বাহী অফিসার , ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৮ | **বিবিধ- জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত আলোচনা ঃ**<br>উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় জানান যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন বাংলাদেশ সরকারের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রকল্প। এটি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং মেম্বারগনের আইনি বাধ্যবাধকতা রয়েছে। প্রত্যেকটি শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করা হয়েছে। এমতাবস্থায় প্রত্যেক ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগনকে টার্গেট অনুযায়ী শতভাগ জন্ম নিবন্ধন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হয় এবং প্রতি সভায় সংশ্লিষ্ট ইউনিয়নের তথ্য প্রেরণ পূর্বক সভায় উপস্থাপনের বিশেষ অনুরোধ করা হয়। এছাড়া জন্ম নিবন্ধন আরোও সহজ করার জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানগনকে অনুরোধ করা হয়। | আলোচনান্তে, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগনকে টার্গেট অনুযায়ী শতভাগ জন্ম নিবন্ধন করার এবং প্রতি সভায় সংশ্লিষ্ট ইউনিয়নের তথ্য প্রেরণ পূর্বক সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, ত্রিশাল উপজেলা । |

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আগামী দিনগুলিতে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করে ত্রিশাল উপজেলার উন্নয়নে সহযোগিতা করার অনুরোধ জানান। অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুল মতিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৬.০০২.২০২২- ৪৫৮ তারিখ : ৩১/০৫/২০২২ খ্রিঃ

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :</u>

১। আলহাজ্ব হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮। উপজেলা ------------------------------ অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ----------------------- ইউনিয়ন পরিষদ (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।

(মোঃ আক্তারুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।